

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১-৫৬৬৪


১০ আশ্বিন, ১৪২৯
তারিখঃ -----
২৫ সেপ্টেম্বর, ২০২২

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত প্রাতিষ্ঠানিক গণশুনানী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে প্রাতিষ্ঠানিক গণশুনানী ১১ সেপ্টেম্বর, ২০২২ তারিখ মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয় (সভার কার্যবিবরণী সংযুক্ত)।

২। উক্ত সভার সংশ্লিষ্ট সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আগামী ২৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখের মধ্যে প্রশাসন অধিশাখায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে-০২ পাতা।


(দীপজয় খাঁসা)
সহকারী পরিচালক (প্রশাসন)।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (গণসংযোগ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কর্মসম্পাদন সূচক ৩.৩ অনুযায়ী
অনুষ্ঠিত প্রাতিষ্ঠানিক গণশুনানী সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মো: আবদুল ওয়াহাব ভূঞা মহাপরিচালক।
সভার তারিখ ও সময়	:	১১ সেপ্টেম্বর, ২০২২খ্রি, বেলা ১১.৩০ টা।
সভার স্থান	:	অধিদপ্তরের সম্মেলন কক্ষ (লেভেল-৭)
সভায় উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট ‘‘ক’’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে গণশুনানীর কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি বলেন, সরকার সেবাকে সহজ, জবাবদিহিমূলক ও জনবান্ধব করতে এবং জাতির পিতার স্বপ্ন বাস্তবায়ন করতে জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০১২ প্রণয়ন করেছে। সভাপতি অধিদপ্তরের কার্যকারিতা ও স্বচ্ছতা বৃদ্ধি এবং সরকারি সেবার মানোন্নয়নের জন্য সরকারের এ সুদূর প্রসারী কার্যক্রমকে সফলভাবে বাস্তবায়ন করতে অনুরোধ জানান। জনসাধারণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিয়ে তাদের জীবনমান উন্নত করার নিমিত্ত এ অধিদপ্তর কাজ করে যাচ্ছে মর্মেও তিনি উল্লেখ করেন।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন) সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। সভাপতি উপস্থিত অংশীজনকেও তাদের বক্তব্য উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

০৩। সভায় উপস্থিত অংশীজন (Stakeholder) নিম্নবর্ণিত মতামত প্রদান করেন :


- ইনসেস্টা ফার্মাসিউটিক্যালস প্রতিনিধি জনাব মো: নাসির উদ্দিন বলেন, মাদকদ্রব্য জাতীয় ঔষধ বিদেশে রপ্তানী করতে হলে ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাদ্বারা কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার হতে পরীক্ষা করে মান যাচাই করতে হয়। এক্ষেত্রে পূর্বানুমতির প্রক্রিয়ায় অনেক সময় ব্যয় হয়। সময় বেশি লাগলে বিদেশী কোম্পানী ক্রয় আদেশ বাতিল করে প্রায়ই অন্য দেশ থেকে ঔষধ আমদানী করে থাকে। পূর্বেই ঔষধ প্রশাসন অধিদপ্তরে ল্যাবটেস্ট হয় বিধায় একাধিকবার কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে ল্যাব টেস্ট না করে রপ্তানীর পূর্বানুমতি প্রদানের অনুরোধ করেন। তিনি আইএনসিবি-তে বাংলাদেশের মাদকদ্রব্য জাতীয় প্রিকারসর কেমিক্যালস্ এর কোটা বৃদ্ধিরও প্রস্তাব রাখেন।
- স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ প্রতিনিধি জনাব মিজানুর রহমান নতুন ঔষধ উৎপাদনের জন্য অধিদপ্তরের মাঠ পর্যায়ের তদন্ত প্রতিবেদন ব্যতিরেকে প্রধান কার্যালয় থেকে অনুমতি প্রদানের অনুরোধ করেন। তাছাড়া নতুন কোন কেমিক্যাল লাইসেন্সে অস্তর্ভুক্তকরণের ক্ষেত্রে অস্তর্ভুক্তির প্রস্তাব এবং আমদানির পূর্বানুমতির প্রক্রিয়াটি একসাথে করার জন্যও তিনি অনুরোধ করেন।
- ওমেগা পয়েন্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র প্রতিনিধি জনাব জাকারিয়া বলেন, মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুমতি প্রদানকারী প্রতিষ্ঠান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। কিন্তু প্রায়শই অন্যান্য সংস্থা এসব প্রতিষ্ঠানে গমনপূর্বক তথ্যাদি চায়-এমনকি হেনস্তা করে থাকে। তাছাড়া মাদকাসক্তদের নিরাময়ের জন্য প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে জোরাজোরি/বল প্রয়োগ করে আনতে হয়। নিরাময় কেন্দ্রে ভর্তি করতে রোগীদের আনার জন্য হ্যান্ডকাপ দেয়া যায় কিনা-তিনি বিবেচনার অনুরোধ করেন। মহাপরিচালক মহোদয় বলেন, বিভিন্ন সংস্থার নিজস্ব নীতমালা রয়েছে। তাদের নীতমালার বিষয়ে করণীয় কিছু নেই। তাছাড়া হ্যান্ডকাপ কাকে দেয়া হবে তা আইনে নির্ধারণ করা আছে।

- পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) বলেন, মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাসিক প্রতিবেদন ই-মেইলে দিলে হার্ডকপি দেয়ার প্রয়োজন নেই। তাছাড়া নিরাময় কেন্দ্রের অনুকূলে অনুদান প্রদানের আবেদন অধিদপ্তরের সংশ্লিষ্ট অফিসে একটি এবং একটি জেলা প্রশাসকের কার্যালয়ে দিতে হয়। কারণ সংশ্লিষ্ট জেলা প্রশাসক জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ প্রচারনা কমিটির সভাপতি এবং মাদকাসক্তি নিরাময় কেন্দ্র পুনর্বাসন মনিটরিং কমিটিরও প্রধান বিধায় জেলা প্রশাসকের সুপারিশ ছাড়া অনুদান প্রদানের আবেদন করার সুযোগ নেই।

০৪। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম:	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	ফার্মাসিউটিক্যালস্ কোম্পানীর ঔষধ রপ্তানীর পূর্বানুমতি/ছাড়পত্রের বিষয়ে অধিক গুরুত্ব দিয়ে স্বল্প সময়ে পূর্বানুমতি/ছাড়পত্র প্রদানের উদ্যোগ নিতে হবে। তবে চেকলিস্ট অনুযায়ী যথাযথ কাগজপত্র থাকতে হবে;	পরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা)
৪.২	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মাসিক প্রতিবেদন অনলাইনে/ই-মেইলে গ্রহণ করতে হবে;	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান
৪.৩	বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের অনুকূলে সরকারি অনুদান প্রদানের আবেদনের সাথে নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্র না থাকলে তা তদন্তের আওতায় আসবে না।	পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ মাঠ পর্যায়ের সকল অফিস প্রধান
৪.৪	মাদকবিরোধী সচেতনতায় অধিদপ্তরের সোশ্যাল মিডিয়ায়/ফেসবুক পেজে তথ্য আপলোড নিশ্চিত করতে হবে;	পরিচালক (প্রশাসন)/ সিস্টেম এনালিস্ট
৪.৫	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা বা গণশুনানী প্রতি ৩ মাস পর পর আয়োজন করতে হবে;	পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (গণসংযোগ)

৫। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় অংশগ্রহণকারী সকল অংশীজনকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মো: আবদুল ওয়াহাব ডুগ্রা)
 মহাপরিচালক


নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৭.২১. ৫৫৪৮

তারিখ: ২৭ ভাদ্র, ১৪২৯
 ২৩ সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দু: আ: অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ)।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস্/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা।
- ৬। সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। সিনিয়র কনসালটেন্ট/মেডিকেল অফিসার, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা।

- ৯। উপপরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ১০। সহকারী পরিচালক (.....) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন.....।
- ১১। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪। অফিস কপি।


(শামীম আখন্দ)
উপপরিচালক (প্রশাসন)